

2019/TDC/ODD/SEM/  
BNGHCC-301T/055

TDC (CBCS) Odd Semester Exam., 2019

BENGALI

( 3rd Semester )


Course No. : BNGHCC-301T

( বাংলা ভাষাতত্ত্ব )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা



পাঠ্যসূত্র সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে উত্তর দেওয়া আবশ্যিক

গুচ্ছ—১

১. সংক্ষিপ্ত উত্তর দাও ( যে কোনো দুটি ) :

২×২=৪

(ক) ভারতীয় আৰ্যভাষাকে কয়টি স্তরে ভাগ করা হয়েছে?  
স্তরগুলোর নাম উল্লেখ করো।

(খ) প্রাচীন ভারতীয় আৰ্যভাষার কালগত সীমা উল্লেখ করো  
এবং এই সময়ে রচিত প্রাচীনতম নিদর্শনের নাম লেখো।

(গ) মধ্যভারতীয় আৰ্যভাষায় কয়টি উপস্তর লক্ষ্য করেছেন  
ভাষাবিদরা? অশোকের অনুশাসন মধ্যভারতীয় আৰ্যভাষার  
কোন স্তরের ভাষায় রচিত?

( 2 )

২। (ক) প্রাচীন ভারতীয় আৰ্যভাষার লক্ষণসমূহের সংক্ষিপ্ত পরিচয় দাও।

অথবা

(খ) প্রাকৃত ভাষা কাকে বলে? প্রচলিত প্রাকৃতগুলোর নাম উল্লেখ করে যে কোনো একটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩।

সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :

২×২

(ক) কোন্ ভাষামূল থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে? বাংলা ভাষার প্রাকৃত পূর্বসূরির নাম কী?

(খ) বাংলা ভাষার হাজার বছরের বিবর্তনের ইতিহাসকে কয়টি স্তরে ভাগ করা হয়েছে? স্তরগুলোর নাম লেখো।

(গ) 'টালত মোর ঘর,'—অধিকরণে বিভক্তি স্থানে 'ত' এর ব্যবহার কোন্ স্তরের বাংলা ভাষার বিশেষত্ব? আদি-মধ্যযুগের বাংলা ভাষার একমাত্র প্রামাণিক নিদর্শনটির নাম কী?

৪। (ক) আদি-মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।

অথবা

(খ) আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।

20J/1088

(Continu

( 3 )

গুচ্ছ—৩

সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :

২×২=৪

(ক) উপভাষা কাকে বলে?

(খ) আদর্শ বা মান্য বাংলা ভাষার উৎসস্থল কোন্ উপভাষা?  
দোষ>দুষ, চোর>চুর—এরকম 'ও'র স্থানে 'উ' উচ্চারণ  
আধুনিক বাংলার কোন্ উপভাষায় পরিলক্ষিত হয়?

(গ) 'ভেল' শব্দের আদি অর্থ ছিল 'তিলের নির্যাস'। বর্তমানে  
শব্দটি যে কোনো শস্য, ফুল ও ফলের নির্যাস অর্থে  
ব্যবহৃত হয়। এরকম অর্থ পরিবর্তনের পশ্চাতে যে  
কারণটি রয়েছে সে কারণটির নাম কী এবং অর্থ  
পরিবর্তনের কোন্ ধারা এখানে অনুসৃত হয়েছে?

১। (ক) উদাহরণসহ 'বঙ্গালী' অথবা 'কামরূপী' উপভাষার  
সংক্ষিপ্ত পরিচয় দাও।

১০

অথবা

(খ) উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের যে কোনো দুটি ধারার  
পরিচয় দাও।

গুচ্ছ—৪

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :

২×২=৪

(ক) বাক্যতত্ত্ব বলতে কী বোঝায়?

(খ) বাংলা ভাষায় বাক্যের পদক্রমের মূল সূত্রটি লেখো।

(গ) 'কনি-স্থানান্তর' ও 'সমাক্ষর লোপ'-এর একটি করে  
উদাহরণ দাও।

10J/1088

(Turn Over)

৮। (ক) বাংলা ভাষায় শুদ্ধ বাক্য গঠনে পদবিন্যাসের সাধারণ নিয়মগুলো সংক্ষেপে আলোচনা করো।

অথবা

(খ) 'ক্ষনি আগম'—ক্ষনি পরিবর্তনের এই ধারাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

গুচ্ছ—৫

৯। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :

(ক) নিচের দুটি বাক্যে কোন্ কারকে কোন্ বিভক্তি প্রয়োগ হয়েছে নির্ণয় করো :

(১) তিলে তেল হয়।

(২) তিলে তেল আছে।

(খ) নিমিত্ত কারকের সংজ্ঞা লেখো।

(গ) 'সমাস' ও 'ব্যাস' শব্দের অর্থ লেখো।

১০। (ক) কারক কাকে বলে? কারক কত প্রকার ও কী কী? সব ধরনের কারকেই যে 'এ' বিভক্তির প্রয়োগ হতে পারে তা দৃষ্টান্তসহ আলোচনা করো।

অথবা

(খ) কর্মধারয় সমাস কাকে বলে? উপমান কর্মধারয়, উপমিত কর্মধারয় ও রূপক কর্মধারয় সমাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

\*\*\*